# <u>নিয়োগ বিজ্ঞপ্তি</u>

**ঢাকা বিশ্ববিদ্যালয় :** বিধি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতাদিসহ টাঃ-২২,০০০-৫৩,০৬০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ অফিসের স্থায়ী ১(এক)টি শূন্য সেকশন অফিসার (রিপোর্টিং) পদ পূরণের জন্য ৫০/-(পঞ্চাশ) টাকার বিনিময়ে রেজিস্ট্রারের দপ্তরে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। প্রার্থীকে এস.এস.সি ও এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগ/জিপিএ-৫ স্কেলে ন্যূনতম ৩.৫০ এবং সিজিপি-৪ স্কেলে নূন্যতম ৩.০০ সহ যে কোনো অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক (সম্মান) সহ স্নাতকোত্তর পাস হতে হবে। প্রার্থীকে অবশ্যই কোনো সরকারি/আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে জনসংযোগ অফিসে চাকরি অথবা গণমাধ্যমে রিপোর্টার হিসেবে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে বাংলা ও ইংরেজিতে স্বাধীনভাবে প্রেস রিলিজ তৈরি, ডাটাবেজ, ইন্টারনেট, ওয়ার্ড প্রসেসিং, গ্রাফিক ডিজাইন এবং প্রকাশনার ক্ষেত্রে দক্ষ ও পারদর্শী হতে হবে। প্রার্থীকে সরকারি ও সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ০৬(ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, কম্পিউটার প্রশিক্ষণ ও অন্যান্য যোগ্যতার সনদপত্রসমূহ (যদি থাকে) আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে। অধিকতর অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩২ বছর হতে হবে। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

রেজিস্ট্রারের অনুকূলে প্রদেয় ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ ৮ (আট) প্রস্ত দরখাস্ত আগামী **০৬-০৯-২০২৬** তারিখের মধ্যে রেজিস্ট্রারের **(২০৩ নং কক্ষে)** নিকট পৌঁছাতে হবে।

Mou
11.08.26